সমকাল

2 FEB 2017

# ফুলবাড়িয়ায় প্রাথমিক বিদ্যালয়ে অগ্নিকাণ্ড

■ ফুলবাড়িয়া (ময়মনসিংহ) প্রতিনিধি

মঙ্গলবার রাতে ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার কালাদহ ইউনিয়নের হোরবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অফিস কক্ষসহ ৪টি শ্রেণিকক্ষের আসবাদপত্র, শিক্ষার্থীদের বইসহ স্কুলের গুরুত্বপূর্ণ নথিপত্র পুড়ে ছাই হয়ে গেছে। স্থানীয়রা জানান, রাত ৮টায় স্কুলের শ্রেণিকক্ষে আগুন দেখে সবাই চিৎকার দিলে আশপাশের লোকজন গিয়ে আগুন নেভানোর চেষ্টা করে। পরে ফুলবাড়িয়া ফায়ার সার্ভিসে খবর দিলে রাত ৯টার দিকে ফায়ার সার্ভিসের একটি ইউনিট এসে ৩ ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক দাবি করেন, অগ্নিকাণ্ডে ১০ লাখ টাকার ক্ষতি হয়েছে।

ফুলবাড়িয়া ফায়ার সার্ভিসের স্টেশন মাস্টার নুরুল ইসলাম জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, শর্টসার্কিট থেকে আগুন লাগতে পারে।

এ নিয়ে বুধবার বিকেলে ইউএনও লীরা তরফদার এবং উপজেলা শিক্ষা কর্মকর্তা জীবন আরা বেগম ঘটনাস্থল পরিদর্শনে এসে সন্ধ্যায় উপজেলা প্রকৌশলী মনিরুজ্জামানকে প্রধান করে ৪ সদস্যের তদন্ত টিম গঠন করেন।

এ বিষয়ে ইউএনও লীরা তরফতদার বলেন, হোরবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অগ্নিকাণ্ডের ঘটনা তদন্তে ৪ সদস্যের তদন্ত টিম গঠন করে ৭ কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে ।

এ বিষয়ে হোরবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নাজমুল হোসেন বলেন, সন্ধ্যার পর স্কুলের কাজে আমি নৈশপ্রহরী মোকবুলকে কাজে পাঠিয়েছিলাম। নৈশপ্রহরী অগ্নিকাণ্ডের সময় সেখানে ছিলেন না।